## ফেব্রুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ২৭.০২.২০২৪খ্রি.

সময় ঃ দুপুর ১১.৩০ ঘটিকা।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকাঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ জনাব মোঃ শিবলী সাদিক উপস্থিত থাকায় স্বাগত জানান। অতঃপর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর সভার শুরুতেই তৃতীয়বারের মত জাতীয় সংসদ সদস্য হিসেবে নির্বাচিত হওয়ায় জনাব মোঃ শিবলী সাদিক, মাননীয় জাতীয় সংসদ সদস্য, দিনাজপুর-৬ কে অভিনন্দন জানান। তিনি আশা করেন তাঁর উপস্থিতিতে আজকের সভা একটি অন্য মাত্রা পাবে। তিনি উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সুপারিশ পাওয়া গেছে। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে আপলোড করে সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩** **সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪** **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিভাগীয় আলোচনা**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিরামপুর, দিনাজপুরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, বোরো মৌসুম চলছে। সেচের প্রয়োজনে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি জানান আলু ও সরিষা ফলন ভাল হয়েছে। তিনি সেচযন্ত্র চালু রাখার এবং পানির রেট নির্ধারণ করার জন্য বরেন্দ্র উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA)-কে পুনরায় অনুরোধ জানান। পর্যাপ্ত সার মজুদ আছে সারের কোন সমস্যা নেই মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লক্ষ্যমাত্রা অর্জনে মনিটরিং বৃদ্ধি করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | জনাব নাইম ইমরান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, তিনি ডিসেম্বর ২০২৩ মাসে যোগদান করেছেন। কিন্তু অসুস্থতার কারণে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন ২০২৪ চলাকালিন বেড রেস্টে ছিলেন। তিনি আরও জানান যে, হাসপাতালের জনবল, বর্জ্য ব্যবস্থাপনা এবং বিদ্যুতের কোন বিকল্প ব্যবস্থা নেই। খাবার নিয়ে সমস্যা আছে। জ্বালানী তেলের বরাদ্দ না থাকায় জেনারেটর ব্যবহার করা যাচ্ছে না। ১০০ বেডের হাসপাতালটিতে প্রথমে ৭৫টি পরে ২৫% বেড দেয়া হবে। বর্জ্য ব্যবস্থাপনায় উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং হাসপাতালের খাদ্য সরবরাহের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থ বছরের টেন্ডার কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। শীতের কারণে এ রোগ দেখা দিচ্ছে তবে চিকিৎসা প্রদান করায় তা স্বাভাবিক রয়েছে।<br>গত এক মাসে ২০০১টি গবাদি প্রাণির এবং ১৩০৯০টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। এ মাসে ৩৬০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয় । কৃত্রিম প্রজনন ৪৩১ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৭৭টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ১৩২৪ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান ৩২০০০ মাত্রা। এ মাসে ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প হয়নি তবে ৪টি উঠান বৈঠকের আয়োজন করা হয়েছে। তিনি আরও জানান যে, চলতি মাসে গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রাপ্তিঃ জানুয়ারি ২৪ মাসে একসাথে ৩ মাসের টিকা সরবরাহ করা হয়েছেঃ (১) তড়কা-১০০০ মাত্রা, (২) বাদলা-০ মাত্রা, (৩) গলাফুলা-৫০০ মাত্রা, (৪) বিসিআরডিবি-৫০০০০ মাত্রা, (৫) আরডিবি-০ মাত্রা, (৬) ফাউল পক্স-২০০০০ মাত্রা, (৭) পাউল কলেরা-২০০০ মাত্রা, (৮) গট পক্স-০ মাত্রা, (৯) গামবোরো-৫০০০মাত্রা, (১০) ডাকপ্লেগ-১০০০০, (১১) ক্ষুরা-৬৪০ মাত্রা এবংছাগ বসন্ত-১০০০ মাত্রা। সর্বমোট=৯০১৪০ মাত্রা। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২৫টি মাছের খাদ্যের দোকান আছে। মাছের ৮৫ লক্ষ মেঃটঃ। আশুরার বিলটি সংস্কার করা হলে মাছের ঘাটতি কিছুটা পূরণ হতো। ৩/৪ বছর ধরে বিরামপুর ও নবাবগঞ্জ উপজেলা বঞ্চিত হচ্ছে। জলাশয় সংস্কার বিষয়ক প্রস্তাব একনেকে পাশের অপেক্ষায় রয়েছে। প্রাকৃতিক জলাশয় নষ্ট হয়ে যাচ্ছে। বালু উত্তোলনের ফলে গর্ত হওয়ায় পলিপ্রয়াগপুর ইউনিয়নের মোন্নাপাড়া ব্রীজের নীচ হতে দক্ষিণদিকে চকবসন্ত মৌজা পর্যন্ত মাছ চাষের অভয়াশ্রম করার জন্য ADP-র বরাদ্দ থেকে প্রকল্প নেয়া হয়েছে। সেসাথে জায়গাটির সৌন্দয্য বর্ধনের জন্যও একই খাত থেকে বরাদ্দ দেয়া হয়েছে।<br>মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ এ পর্যায়ে বলেন যে, IP ক্যামেরা সেট করা হলে কেউ মাছ ধরলে তা জানা যাবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ব্রীজ কালভার্ট, হাটবাজার উন্নয়ন, সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮টি রাস্তার অনুমোদন পেয়েছেন। ৪টি রাস্তার টেন্ডার হয়েছে। তন্মধ্যে ২টি রাস্তার কাজ শুরু হয়েছে।<br>এ পর্যায়ে আজকের সভায় উপস্থিত উপজেলা পরিষদ সাধারণ সভার উপদেষ্টা মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ বলেন যে, রাস্তাগুলোতে উদ্বোধনী ফলক নেই। জামানতের অর্থ ফেরত নেয়ার পূর্বে ফলক স্থাপন করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, ৫০০মিটার রাস্তার জন্য ৪,০০,০০০/-(চারলক্ষ) টাকা বরাদ্দে গ্রামীণ রাস্তা করতে হবে। সংশোধিত রাস্তার তালিকা দ্রুত সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে তিনি অনুরোধ করেন। টিআর ও কাবিখার বরাদ্দ দিয়ে সোলিং করার কথা সভায় উল্লেখ করেন। IRDP থেকে নতুন করে বরাদ্দ পাওয়া গেছে। যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বিল্ডিং দরকার সেগুলোর ছবিসহ তালিকা দেয়ার জন্যও তিনি অনুরোধ করেন। উপজেলা প্রকৌশী, বিরামপুর জানান যে, মন্দির ও মসজিদের তালিকা হয়েছে। ডিও লেটার অনুযায়ী ১৮টি রাস্তা।<br>উপজেলা প্রকৌশলী, বিরামপুর আরও জানান যে, স্থানীয় সরকার বিভাগের ২৩ জানুয়ারি ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০২.২৩-৭০ নং স্মারকে চাহিদার পরিপ্রেক্ষিতে বিরামপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার **খ ও গ মেরামত ও সংস্কার** এবং নন-গেজেটেড কোয়ার্টার ক মেরামত ও সংস্কার প্রকল্পের অনুকূলে শর্তসাপেক্ষে ৩০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দ পত্রের নির্দেশনা মোতাবেক কোয়ার্টারগুলো মেরামতের লক্ষ্যে বাস্তবভিত্তিতে পুনঃ প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য এ সভায় **যা নিম্নরূপঃ উপস্থাপন করেন।**<br><br>বিল্ডিং নম্বর ক ইউনিট ১ ও ২-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br>বিল্ডিং নম্বর ক ইউনিট ৩ ও ৪-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br><br>বিল্ডিং নম্বর খ ইউনিট ১ ও ২-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br>বিল্ডিং নম্বর খ ইউনিট ৩ ও ৪-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br><br>বিল্ডিং নম্বর গ ইউনিট ১ ও ২-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br>বিল্ডিং নম্বর গ ইউনিট ৩ ও ৪-এর মেরামতকরণ=৫,০০,০০০/- টাকা।<br><br>এ ছাড়াও তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ৬ষ্ঠ পর্যায়ে UGDP প্রকল্পের আওতায় বিরামপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও সিলিং ফ্যান সরবরাহকরণ প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে এবং ঠিকাদার কর্তৃক বিল দাখিল করা হয়েছে। উক্ত বিল ২টি অনুমোদনের জন্য সভায় নিম্নভাবে উপস্থাপন করা হয়।<br>ক. প্যাকেজ নং-INF-2021-22-552710-01, (TID No-878371), প্রাক্কলিত মূল্য=৩৬,৫৫,০০০.০০ টাকা, চুক্তি মূল্য=২৫,৭৯,৫৭০.০০ টাকা, ১ম ও চূড়ান্ত বিল=২৫,৭৯,৫৭০.০০ টাকা, ভ্যাট ও আয়করসহ বিল=২৫,৭৯,৫৭০.০০ টাকা (ভ্যাট=৩,৮৬,৯৩৬.০০ টাকা ও আয়কর=৭৭,৩৮৭.০০ টাকা) এবং ভ্যাট ও আয়কর বাদে বিল=২১,১৫,২৪৭.০০ টাকা।<br>খ. প্যাকেজ নং-INF-2021-22-552710-02 (TID No-878372), প্রাক্কলিত মূল্য=১২,২১,৯০৬.০০ টাকা, চুক্তি মূল্য=৯,৪৮,৮৩৬.০০ টাকা, ১ম ও চূড়ান্ত বিল=৯,৪৮,৮৩৬.০০ টাকা, ভ্যাট ও আয়করসহ বিল=৯,৪৮,৮৩৬.০০ টাকা (ভ্যাট=১,৪২,৩২৫.০০ টাকা ও আয়কর=২৮,৪৬৫.০০ টাকা) এবং ভ্যাট ও আয়কর বাদে বিল=৭,৭৮,০৪৬.০০ টাকা। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. বিরামপুর উপজেলা পরিষদের নন-গেজেটেড কোয়ার্টার ক, খ ও গ মেরামত ও সংস্কার প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের বাস্তবভিত্তিক প্রাক্কলন অনুমোদন করা হয় এবং PPR 2008 মোতাবেক কোটেশন (RFQ)-এর মাধ্যমে জরুরীভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br><br>৩. প্রস্তাবিত বিল ২টি অনুমোদন করা হয় এবং প্রধান কার্যালয়ে বিলটি প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১-৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী, BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ১.২.৩.উপ-সহকারী প্রকৌশলী BADC(সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর জোন | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর সভায় জানান যে, বিএমডিএ দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। সেচের আবেদনের প্রেক্ষিতে তদন্ত চলছে। শীঘ্র তদন্ত কার্যক্রম শেষ করে প্রতিবেদন দাখিল করবেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জরুরীভিত্তিতে তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুরকে পুনরায় অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (BMDA), বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, স্বাভাবিক কার্যক্রম চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, তাঁর বদলি হয়েছে। বিরামপুরে ৫ বছর ছিলেন। ১১৬টি স্কুলের মধ্যে ১১৫টি স্কুল দর্শন/পরিদর্শন করেছেন। কোন কোন স্কুলে একাধিকবার গেছেন। উপজেলা প্রকৌশলীর সহযোগিতায় নবনির্মিত স্কুলগুলো সুন্দর হয়েছে। সহযোগিতা করায় তিনি ধন্যবাদ জানিয়ে এ সহযোগিতা অব্যাহত রাখার অনুরোধ জানান। তিনি আরও জানান যে, তার কর্মকালে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের সাথে খুব সুন্দর সম্পর্ক ছিল। ২৬ সালের সেপ্টেম্বর মাসে তিনি PRL-এ যাবেন। তার পারিবারিক এবং দাপ্তরিক জীবনটি যেন সুন্দরভাবে কাটাতে পারেন এ দোয়া চেয়ে ভুলত্রুটি ক্ষমা করার অনুরোধ জানিয়ে সবার সুখী সমৃদ্ধ জীবন কামনা করে বিদায়ী বক্তব্য শেষ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর দিনাজপুকে বিদায়ী শুভেচ্ছা জানানো হয়। | ১. উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৫<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, তিনি সভায় আরও জানান যে, নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষকবৃন্দকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে এবং সেভাবে পাঠদানও চলছে। মাস্টার ট্রেনার প্রশিক্ষণ প্রদানের জন্য প্রস্তুত রয়েছেন। মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। শিক্ষা প্রতিষ্ঠানে ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, নতুন করে বয়স্ক ভাতাভোগীর সংখ্যা বেড়েছে। মৃত ভাতাভোগীদের স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপন করা যাবে। লক্ষ্যমাত্রার চেয়ে প্রতিবন্ধী খাতে বরাদ্দ বেশী এসেছে। এ পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ প্রকৃত এতিমরা যেন ক্যাপিটেশনের সুবিধা ভোগ করতে পারে সেদিকে দৃষ্টি দিতে অনুরোধ জানান। ৫৮লক্ষ বয়স্ক ভাতাভোগী ৬০০/- টাকা করে ভাতা পেয়ে থাকেন। এটি দ্বিগুন করার উদ্যোগ তিনি গ্রহণ করবেন মর্মে সভায় উল্লেখ করেন। উপজেলা সমাজসেবা অফিসে জনবলের তুলনায় অফিস ছোট হওয়ার কারণে গাদাগাদি করে কাজ করতে হয় অথবা কেউ কাজ করে কেউ দাঁড়িয়ে থাকে জানানো হলে তিনি স্টাফদের বসার উদ্যোগ গ্রহণ করবেন মর্মে আশ্বস্ত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ১৮<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১৯<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করনে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. লগইন করাসহ স্ব স্ব দপ্তরের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে ১৪টি ব্যাচের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। লক্ষ্যমাত্রা মোতাবেক চলতি মাস পর্যন্ত ১০টি প্রশিক্ষণ ব্যাচ সম্পন্ন করা হয়েছে। এছাড়াও দিনাজপুর জেলা কার্যালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক ট্রেডে ০৩ মাস মেয়াদি প্রশিক্ষণ কোর্স চলমান রয়েছে মর্মে অবহিত করেন।<br>পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসূচী থেকে সর্বমোট =৩৭,৬০,০০০/-টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২৫,৩৯,২০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২৪,৭৬,৮৪০/-টাকা এবং আদায় হার শতকরা ৯৮%।<br>আত্মকর্মসংস্থান কর্মসূচীর ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে =৩,০৩,০৬,৬০০/-টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,৬৬,৭৯,৮০০/-টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট =২,৪৩,৫৪,২২১/- টাকা এবং আদায় হার শতকরা ৯১%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। তিনি আরও জানান যে, জনবলের অবস্থা খুই খারাপ। প্রতিটি ইউনিয়নে পরিবার কল্যাণ কেন্দ্র আছে। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ১০ সজ্জায় উন্নীত করার অনুরোধ জানান। মুকুন্দপুর ও বিনাইলের FWV কেন্দ্র করে দিবেন। চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্র করার জন্য জায়গা দিতে প্রস্তুত। বিনাইল ইউনিয়নেও জায়গা আছে। এ পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য সভায় বলেন যে, মুকুন্দপুর জায়গা দিয়ে প্রস্তাব পাঠালে তিনি ১০ সজ্জা বিশিষ্ট হাসপাতাল করে দেয়ার উদ্যোগ নিবেন। তিনি আরও বলেন যে, পলিখাঁপুরে রাস্তা করার প্রস্তাব করেন এবং হাবিবপুর-কেটরা রাস্তার কাজ চলছিল সেটির কাজ বন্ধ হয়ে গেছে। রাস্তাটি জরুরীভিত্তিতে করার অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, তিনি কাঁদামুক্ত অঞ্চল করতে চান। প্রয়োজনে রাবিশ দিয়ে কাদা বন্ধ করে দিবেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর। |
| আলোচনাঃ ২৪<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম পর্যায়ের কাজ শেষ। দাপ্তরিক কার্যক্রম ভালভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১. সরক্যারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা,বিরামপুর দিনাজপুর। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা বন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের বদলিজণিত কারণে তার প্রতিনিধি সভায় জানান নতুন অফিসার এখনও যোগদান করেননি। তবে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১-২. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা। |
| আলোচনাঃ ৩১<br>পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ৩২<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) | তিনি তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উঠান বৈঠক চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর। |
| আলোচনাঃ ৩৩<br>Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২. তিনি প্যাকেজ নং- INF-2021-22-552710-01 (TID No-878371) এবং INF-2021-22-552710-02 (TID No-878372) বিল ২টি প্রধান কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. UDF, বিরামপুর |
| আলোচনাঃ ৩৪<br>খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪১ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর, দিনাজপুর সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪২ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যই অনুপস্থিত রয়েছেন। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩ মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর। |
| আলোচনাঃ ৪৪ ভাইস-চেয়ারম্যান উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। | -- | -- |
| আলোচনাঃ ৪৫ ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, স্বাস্থ্য বিষয়ক উপজেলা কমিটির তিনি সভাপতি। হাসপাতালের পরিবেশ আরও পরিচ্ছন্ন হওয়া প্রয়োজন। বিশেষ করে মহিলা ওয়ার্ড খুব নোংরা। একটি এ্যাম্বুলেন্সের কারণে সমস্যা হয়।<br>এ পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর ৬ বলেন যে, ১০০ বেডে চাহিদা দিলে প্রাথমিকভাবে ৭৫ বেডের বরাদ্দ দেয়া হবে। জনবল বৃদ্ধির চেষ্টা চলছে। পর্যায়ক্রমে অন্যান্য সমস্যাগুলোরও সমাধান করা চেষ্টা করবেন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. হাসপাতালের পরিবেশ বিশেষ করে মহিলা ওয়ার্ড পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর। |

৪৬. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জানুয়ারি/২০২৪ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা, বাসা ভাড়া এবং জানুয়ারি/২০২৪ মাসের ভ্রমণ ভাতা প্রদান। | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জানুয়ারি/২০২৪ মাসের সম্মানী ভাতা এবং জানুয়ারি/২০২৪ মাসের প্রদান। (৩৩,৫০০+৩৩,৫০০=৬৭,০০০/-) | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ১ জন মালি ও ১ জন পরিচ্ছন্নতাকর্মীর জানুয়ারি/২০২৪ মাসের ৩০দিনের দৈনিক মজুরী ৫৫০/-টাকা হারে মজুরী প্রদান (১৬,৫০০+১৬,৫০০=৩৩,০০০/-) | =৩৩,০০০/- |
| ০৪ | জানুয়ারি/২০২৪ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | জানুয়ারি/২০২৪ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | মোঃ শাহাজাহান ও আবু সাইদ রাত্রীকালিন দায়িত্ব পালনরত আনসারকে উপজেলা পরিষদ সাধারণ সভার সিদ্ধান্তক্রমে জানুয়ারি/২০২৪ মাসের মজুরী প্রদান (৫,৫০০+৫,৫০০=১১,০০০/-) | =১১,০০০/- |
| ০৭ | জানুয়ারি/২০২৪ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =৩৫,৪৫৯/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ এঁর এ সভায় উপস্থিতি সভাকে প্রাণবন্ত করেছে বলে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় উল্লেখ করেন। তিনি আরও বলেন যে, বিরামপুর চাঁদপুর ফাজিল মাদ্রাসাটি পাবলিক পরীক্ষা কেন্দ্র। এখানে দাখিল ও আলিম পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু পরীক্ষা কেন্দ্র হিসেবে ব্যবহারের মত উপযোগী বিল্ডিং না হওয়ায় পরীক্ষা পরিচালনা করা কষ্টসাধ্য। সে কারণে তিনি মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে পরীক্ষা গ্রহণ উপযোগী একটি বিল্ডিং করার উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। আজকের এ সভায় উপস্থিত থাকায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ এঁর প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এ পর্যায়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরের এ প্রস্তাবের প্রতি সমর্থন জানিয়ে বলেন যে, বিল্ডিং করার বিষয়ে তিনি উদ্যোগ গ্রহণ করবেন।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর আজকের সভায় মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬ উপস্থিত থাকায় কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আশা করেন বিরামপুরের উন্নয়নে তাঁর উদ্যোগ অব্যাহত থাকবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২৩.২৫৬/১(৪৮)

তারিখঃ ১২.০৩.২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১ দিনাজপুর-৬।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪ জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৬. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব ..........................................................................................সদস্য/সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর।
০৮. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৯. উপজেলা..........................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১০. চেয়ারম্যান, ..............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১১. জনাব ............................................................ মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

12/03/24

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
মোবাইল নম্বরঃ ০১৭৬১-৪৯৩৫৩৩ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd

ASMA - Bibith